

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
সম্পদ ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ
ডিএসএল অধিশাখা।

নং-অম/অবি/ডিএসএল-২/০৬/১২৪(২৮)/৩৮৫

তারিখ: ১০.১২.২০০৭ ইং

।

বিষয়: ক্রেডিট লাইন ভিত্তিক ডিএসএল পরিশোধ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে অর্থ বিভাগ কর্তৃক ডিএসএল হিসাব কম্পিউটারাইজেশনের অংশ হিসেবে বর্তমানে সকল সংস্থার হিসাব ক্রেডিট লাইন ভিত্তিক সংরক্ষণ করা হচ্ছে। উক্ত হিসাব যথাযথভাবে সংরক্ষণ এবং হিসাবের সঠিকতা নিশ্চিত করণের স্বার্থে সংস্থা সমূহ কর্তৃক ক্রেডিট লাইন ভিত্তিক ডিএসএল এর আসল এবং সুদের অর্থ পরিশোধের চালান প্রেরণ করা একান্ত প্রয়োজন। যে ক্ষেত্রে একাধিক ক্রেডিট লাইনের অর্থ একটি চালানে জমা করা হচ্ছে সে ক্ষেত্রে প্রেরিতব্য পত্রে ক্রেডিট লাইন ভিত্তিক বিভাজন দিতে হবে। এতদ্ব্যতীত, সরকার কর্তৃক সংস্থার ঋণ ইকুইটিতে রূপান্তর, মওকুফ এবং সমন্বয়ের সময় তা কোন ক্রেডিট লাইনের বিপরীতে সমন্বয় হবে তাও উল্লেখ করতে হবে।

বর্ণিতাবস্থায়, সংস্থা কর্তৃক ডিএসএল চালানে জমা, মূলধনে রূপান্তর, মওকুফ ও সমন্বয় সংক্রান্ত তথ্যাদি ডিএসএল অধিশাখা বরাবর প্রেরণকালে তা কোন ক্রেডিট লাইনের বিপরীতে জমা বা সমন্বয় হবে তা জানানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বাঃ-

(মো: এখলাছুর রহমান)

উপ-সচিব

ফোন: ৯৫৫১১৬০

প্রাপক:

সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধান।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। যুগ্ম-সচিব (সম্পদ ও ঋণ ব্যবস্থাপনা) অর্থ বিভাগ।
- ২। অর্থ সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ।